



## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০

[www.cpa.gov.bd](http://www.cpa.gov.bd)

পরিচালক (প্রশাসন), চবক এর বিজ্ঞপ্তি নং-১২/২০১৯খ্রি.

তারিখ : ২৪ ফেব্রুয়ারি ২০১৯খ্রি.।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের "জুনিয়র স্টাফ নার্স" পদে নিয়োগের নিমিত্তে মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্বাচনী কমিটির সুপারিশক্রমে নিম্নোক্ত রোল নম্বরধারী প্রার্থীগণ প্রাথমিকভাবে নির্বাচিত হয়েছেন :

রোল নম্বর : ০২, ৬৭ এবং ৩১ মোট=০৩ জন।

- ২। প্রাথমিকভাবে নির্বাচিত ০৩(তিন) জন প্রার্থী চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট ([www.cpa.gov.bd](http://www.cpa.gov.bd)) থেকে "পুলিশ প্রত্যয়ন বিবরণী ফর্ম" ডাউনলোড করে ০২(দুই) পাতা উভয় পৃষ্ঠায় ০২ (দুই) সেট প্রিন্ট নিবেন। প্রার্থীগণ ০২ (দুই) সেট "পুলিশ প্রত্যয়ন বিবরণী ফর্ম" যথাযথভাবে পূরণ করে প্রতি সেটের সাথে লিখিত/মৌখিক পরীক্ষার প্রবেশপত্র/ইন্টারভিউ কার্ড, ০১ (এক) কপি পাসপোর্ট সাইজ ছবি, শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় সকল সনদ ও মার্কশীট, জাতীয়তা সনদ, জাতীয় পরিচয়পত্র, বিশেষ কোটার প্রার্থীদের প্রয়োজনীয় সকল সনদ/গেজেট প্রভৃতির সত্যায়িত কপি সংযুক্ত করে একটি খামে আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে পরিচালক (প্রশাসন), চবক, বন্দর ভবন, বন্দর, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করবেন। খামের উপর অবশ্যই পদের নাম ও রোল নম্বর উল্লেখ করতে হবে। তাছাড়া প্রশাসন বিভাগ, বন্দর ভবন, চট্টগ্রাম হতেও উক্ত ০২(দুই) সেট "পুলিশ প্রত্যয়ন বিবরণী ফর্ম" সংগ্রহ করা যাবে;
- ৩। সুপারিশকৃত প্রার্থীদের পুলিশী প্রতিপাদনে বিরূপ মন্তব্য না থাকলে এবং চবক হাসপাতাল থেকে স্বাস্থ্য পরীক্ষা করে প্রতিবেদন সম্ভোষণক হলে চাকুরীতে যোগদান করবেন;
- ৪। নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী সুপারিশকৃত কোন প্রার্থীর নিয়োগের কোন শর্ত পরিপূর্ণ না হলে, শর্তের কোন ব্যত্যয় হলে কিংবা পরবর্তীতে কোন অযোগ্যতার গোপন তথ্য প্রকাশিত হলে অথবা জ্বালজালিয়াতির প্রমাণ পেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- ৫। এ বিজ্ঞপ্তিতে কোন ভুল ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

পরিচালক (প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখঃ ২৪ ফেব্রুয়ারি ২০১৯খ্রি.।

নথি নং-১৮.০৪.০০০০.১৮১.১১.০৮১-১৮/১০

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।

- ১। সিস্টেমস্ এনালিস্ট, চবক। [ বিজ্ঞপ্তিটি চবক এর ওয়েবসাইটে প্রকাশের এবং চবক ওয়েব সাইট থেকে "পুলিশ প্রত্যয়ন বিবরণী ফর্ম" ডাউনলোড/প্রিন্ট করার ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো।
- ২। চেয়ারম্যান, চবক মহোদয়ের একান্ত সহকারী, চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৩। গার্ড ফাইল, অফিস কপি।